

■ সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ১১১৫

৩. নামায (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৯. তাকবীর (তাহরীমা) বলার পর (নামায) শুরু করার দোয়া

بَابُ دُعَاءِ الْإِسْتِفْتَاحِ بَعْدَ التَّكْبِيرِ

আরবী

حَدَّثَنَا عُثْمَانُ بْنُ جَعْفَرٍ بْنِ مُحَمَّدٍ الْأَحْوَلُ ، حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ نَصْرٍ الْمَرْوَزِيُّ أَبُو عَبْدِ اللَّهِ ، ثَنَا عَبْدُ اللَّهِ بْنُ شَبِيبٍ ، حَدَّثَنِي إِسْحَاقُ بْنُ مُحَمَّدٍ ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ عُمَرَ بْنِ شَبِيبَةَ ، عَنْ أَبِيهِ ، عَنْ نَافِعٍ ، عَنْ أَبْنِ عُمَرَ ، عَنْ عُمَرِ بْنِ الْخَطَّابِ - رَضِيَ اللَّهُ عَنْهُ - قَالَ : كَانَ رَسُولُ اللَّهِ - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - إِذَا كَبَرَ لِلصَّلَاةِ ، قَالَ : " سُبْحَانَ اللَّهِمَ وَبِحَمْدِكَ ، وَتَبَارَكَ اسْمُكَ ، وَتَعَالَى جَدُّكَ ، وَلَا إِلَهَ غَيْرُكَ " ، وَإِذَا تَعَوَّذَ قَالَ : " أَعُوذُ بِاللَّهِ مِنْ هَمْزِ الشَّيْطَانِ ، وَنَفْخِهِ ، وَنَفْتِهِ " . رَفَعَهُ هَذَا الشَّيْخُ عَنْ أَبِيهِ ، عَنْ نَافِعٍ ، عَنْ أَبْنِ عُمَرَ ، عَنْ عُمَرِ النَّبِيِّ - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - . وَالْمَحْفُوظُ : عَنْ عُمَرَ مِنْ قَوْلِهِ ، كَذَلِكَ رَوَاهُ إِبْرَاهِيمُ عَنْ عَلْقَمَةَ ، وَالْأَسْوَدِ عَنْ عُمَرَ ، وَكَذَلِكَ رَوَاهُ يَحِيَّى بْنُ أَيُوبَ ، عَنْ عُمَرِ بْنِ شَبِيبَةَ ، عَنْ نَافِعٍ ، عَنْ أَبْنِ عُمَرَ ، عَنْ عُمَرَ مِنْ قَوْلِهِ ، وَهُوَ الصَّوَابُ

বাংলা

১১১৫(৬). উসমান ইবনে জাফর ইবনে মুহাম্মাদ আল-আহওয়াল (রহঃ) ... উমার (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নামাযের (প্রথম) তাকবীর উচ্চারণ করার পর বলতেনঃ “সুবহানাকা আল্লাহমা ওয়া বিহামদিকা ওয়া তাবারাকাসমুকা ওয়া তাআলা জাদ্দুকা ওয়া লা ইলাহা গাইরকা”। তিনি আশ্রয় প্রার্থনা করে বলতেনঃ “আউয়ু বিল্লাহি মিন হামাযাতিশ শাইতানি ওয়া নাফ্থিহি ওয়া নাফ্ছিহি”। এই শায়খ হাদীসটি তার পিতা- নাফে' (রহঃ)-ইবনে উমার (রাঃ)-উমার (রাঃ)-নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সূত্রে মারফুরুণপে বর্ণনা করেছেন। সংরক্ষিত কথা হলো, এটি উমার (রাঃ)-র নিজস্ব উক্তি। একইভাবে এই হাদীস ইবরাহীম (রহঃ) আলকামা ও আল-আসওয়াদ-উমার (রাঃ) সূত্রে বর্ণনা করেছেন। একইভাবে এই হাদীস ইয়াহইয়া ইবনে আইয়ুব (রহঃ) উমার ইবনে শায়বা-নাফে' (রহঃ)-ইবনে উমার (রাঃ)-উমার (রাঃ) সূত্রে তার উক্তিরূপে বর্ণনা

করেছেন এবং এটাই যথার্থ।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ উমর ইবনুল খাতাব (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=80904>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন